সমকাল

তারিখ ... 10 FEB 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...2...

# এবারও অকার্যকর থাকবে বরিশাল ছাত্রদল!

■ বরিশাল ব্যুরো

বরিশাল বিভাগে এক দশক আগে ছাত্রত্ব শেষ করে কর্মজীবী এবং সন্তানের জনকরা ঠাঁই পেলেন সদ্য গঠিত কেন্দ্রীয় ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটিতে। কেন্দ্রীয় কমিটিতে পদ পাওয়া বিভাগের ছাত্রদল নেতারা হচ্ছেন– কেন্দ্রীয় সহসভাপতি পদে বরিশাল জেলার আহ্বায়ক মাসুদ হাসান মামুন, সহসাংগঠনিক সম্পাদক পদে জেলার যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট হাফিজ উদ্দিন আহম্মেদ বাবলু, আমিনুল ইসলাম লিপন ও ভোলা জেলা ছাত্রদলের সভাপতি খন্দকার আল আমিন।

সহসম্পাদক পদে বরিশাল জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক এইচএম তছলিমউদ্দিন, কেন্দ্রীয় সদস্য পদে বরিশাল বিএম কলেজ ছাত্রদলের একাংশের সভাপতি মুশফিকুল হাসান মাসুম, জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ইয়াসির আরাফাত মিন্টু, বরগুনার মুরাদুজ্জামান টিপান, পিরোজপুরের সাঈদুর রহমান সাঈদ, ভোলার মিজানুর রহমান মাসুদ ও সাইদুর রহমান শামীম।

বরিশালের ছাত্রদলের একাধিক সূত্র নিশ্চিত করেছে, উল্লিখিত ছাত্র নেতারা কমপক্ষে এক দশক আগে ছাত্রত্ব শেষ করে সংসারী এবং এক বা একাধিক সন্তানের জনক হয়েছেন। তারা ঠিকাদারি এবং পারিবারিক ব্যবসা-বাণিজ্য নিয়ে ব্যস্ত দিন কাটাচ্ছেন। দীর্ঘ কয়েক বছর ধরে নিজ নিজ জেলা ছাত্রদলের গুরুত্বপূর্ণ পদ দখলে রাখলেও সংগঠনকে গতিশীল করতে ব্যর্থ হয়েছেন। এবার তারা কেন্দ্রীয় ছাত্রদলের গুরুত্বপূর্ণ পদ পাওয়ায় ছাত্রদলের নতুন কমিটিও অকার্যকর হবে বলে আশঙ্কা করছেন সংগঠনের তৃণমূল নেতাকর্মীরা।

সূত্রগুলো জানিয়েছে, বরিশাল জেলা ছাত্রদলের আহ্বায়ক মাসুদ হাসান মামুন ২০০৩ সালে বরিশাল আইন মহাবিদ্যালয় ছাত্র সংসদের সহসাধারণ সম্পাদক ছিলেন। ওই সময়েই তিনি ছাত্রত্ব শেষ করেন। এক সন্তানের জনক মামুন পারিবারিক ব্যবসা-বাণিজ্যেই বেশি সময় কাটাচ্ছেন। এ অবস্থায় ২০১২ সালে তিনি জেলা ছাত্রদলের আহ্বায়ক মনোনীত হলেও এ পর্যন্ত কোনো উপজেলায়ও সম্মেলন করে কমিটি গঠন করতে পারেনি। এ প্রসঙ্গে মাসুদ হাসান মামুন সাংবাদিকদের বলেন, তিনি প্রতিকূলতার মধ্যেও সব আন্দোলনে রাজপথে ছিলেন। জেলা কমিটি পূর্ণাঙ্গ করতে যাছাই-বাছাই চলছে।

কেন্দ্রীয় সহসাংগঠনিক পদে ঠাঁই পাওয়া হাফিজ উদ্দিন বাবলু গত কয়েক বছর ধরে বরিশালে আইন ব্যবসা করছেন। তিনি এক কন্যা সন্তানের জনক।

অপর সহসাংগঠনিক সম্পাদক আমিনুল ইসলাম লিপন এক সময় ওষুধ কোম্পানিতে বিক্রয় প্রতিনিধির চাকরি করতেন। বর্তমানে তিনি ব্যবসা-বাণিজ্য নিয়েই ব্যস্ত আছেন।

মুশফিকুল হাসান মাসুম বরিশালে বিবদমান ছাত্রদলের একাংশের ঘোষিত বিএম কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক হলেও কখনোই ক্যাম্পাসে নিজের শক্ত অবস্থান তৈরি করতে পারেননি। এএইচএম তছলিম উদ্দিন বরিশাল নগরীতে একজন প্রতিষ্ঠিত ঠিকাদার। বরিশাল সিটি মেয়র আহসান হাবীব কামালের অনুসারী হিসেবে পরিচিত ইয়াসির আরাফাত মিন্টু সিটি করপোরেশনে ঠিকাদারি ব্যবসা করেন। দুই সন্তানের জনক খন্দকার আল আমিন ৪ বছর ধরে মেয়াদোত্তীর্ণ ভোলা জেলা ছাত্রদলের সভাপতি পদ দখলে রেখে এবার কেন্দ্রীয় সহসাংগঠনিক সম্পাদকের পদ পেলেন।

বরিশাল জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাইফুল ইসলাম সুজন বলেন, ৩-৪ বছরে যারা নিজ জেলার ঘর গোছাতে ব্যর্থ হয়েছেন, তাদেরই কেন্দ্রীয় কমিটিতে পদ দিয়ে পুরস্কৃত করা হলো। এতে তৃণমূলের মাঠকর্মীরা আশাহত হয়েছেন।

বাংলাদেশ ★ ★ ★